**Ref: MIL/BSE/NSE/24**
**Date: August 29, 2024**

| | |
|---|---|
| **The Manager**<br>**Corporate Relationship Department**<br>**BSE Limited**<br>**1st Floor, New Trading Wing,**<br>**Rotunda Building,**<br>**P J Towers, Dalal Street, Fort,**<br>**Mumbai -400001** | **The Manager**<br>**Listing Department**<br>**National Stock Exchange of India Limited**<br>**Exchange Plaza, 5thFloor,**<br>**Plot No.C-1, Block G,**<br>**Bandra Kurla Complex, Bandra (E),**<br>**Mumbai-400051** |
| **BSE Security Code: 539400** | **NSE Symbol: MALLCOM** |

Dear Sir/Madam,

**Subject: Newspaper Publications for Dispatch of Notice and Annual Report**

In accordance with Regulations 30 and 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, we hereby submit copies of the Newspaper Advertisements published in "Business Standard" (English newspaper) and "Sukhabar" (Bengali newspaper, Kolkata Edition) on August 29th, 2024, regarding the 40th Annual General Meeting (AGM) of the Company, scheduled to be held on Thursday, September 19, 2024, at 11:30 A.M. (IST) via video conferencing (VC) / other audio-visual means (OAVM).

Kindly take the same on your record.

Thanking you.
Yours faithfully,

**For MALLCOM (INDIA) LTD.**

GAURAV RAJ
Digitally signed by GAURAV RAJ
Date: 2024.08.29 15:39:20 +05'30'

**Gaurav Raj**
***Company Secretary & Compliance Officer***

**Mallcom (India) Ltd.**
EN-12, Sector-V, Salt Lake City, Kolkata 700 091, India
+91 33 4016 1000 | sales@mallcom.in | investors@mallcom.in | www.mallcom.in
CIN: L51109WB1983PLC037008

## কেএল রাহুলকে নিয়ে সিদ্ধান্ত ঝুলে রইল

# গোয়েঙ্কার লখনউয়ের মেন্টর জাহির



**নিজস্ব সংবাদদাতা, কলকাতা:** আইপিএলে সঞ্জীব গোয়েঙ্কার দল লখনউ সুপার জায়ান্টসের বোলিং কোচ কাম মেন্টর হিসেবে যুক্ত হলেন বিশ্বকাপজয়ী প্রাক্তন বাঁ হাতি পেসার জাহির খান। এদিন সঞ্জীব গোয়েঙ্কার কলকাতার আরপিএসজি অফিসে জাহিরকে নিয়ে সাংবাদিক সম্মেলন করে এই কথা ঘোষণা করলেন দলের কর্ণধার সঞ্জীব গোয়েঙ্কা। এদিন সঞ্জীব গোয়েঙ্কা জানান, 'জাহিরের অভিজ্ঞতায় অতীতে ভারতীয় দল ও বাকি আইপিএলের বাকি দলেরা সমৃদ্ধ হয়েছে। আশা করছি ওকে পেয়ে আমরা উপকৃত হব।' জাহির জানালেন, 'ওরা মাত্র ৩ বছর আইপিএলে খেলছে আর তিন বছরে দু'বার দল প্লে অফে পৌঁছেছে। যা যথেষ্ট ভালো পারফরমেন্স। এখান থেকে কীভাবে আরও এগিয়ে যেতে হবে সেই বিষয়ে ভাবতে হবে। আইপিএলের মতো টুর্নামেন্টে জয় আর হারের মার্জিন খুবই কম। আমি মুম্বই ইন্ডিয়ান্স দীর্ঘদিন ছিলাম। অনেকের সঙ্গে কাজ করেছি। অনেক নতুন জিনিস শিখেছি। সেই অভিজ্ঞতা কাজে লাগাব।' প্রসঙ্গত অতীতে তিনটে আইপিএল দলের হয়ে খেলেন জাহির। এই তালিকায় রয়েছে , রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালউরু, মুম্বই ইন্ডিয়ান্স আর দিল্লি ডেয়ারডেভিলস। আইপিএলের ইতিহাসে প্রথম বল জাহিরই করেন। আইপিএলে মোট ১০২ উইকেট নেন। ২০১৭ সালে দিল্লির দলের অধিনায়ক ছিলেন। সেই বছরই সব ধরনের ক্রিকেট থেকে অবসর ঘোষণা করেন। গত বছর থেকেই গৌতম গম্ভীর লখনউ দলের মেন্টরের পদ থেকে সরে যান। গত বছর লোকেশ রাহুলের সঙ্গে সঞ্জীব গোয়েঙ্কা ঝামেলা চর্চার বিষয়ের ছিল। প্রথমে ভাবা হয় আর লখনউতে খেলবেন না রাহুল। তবে একদিন আগেই কলকাতায় এসেছিলেন কেএল রাহুল। সঞ্জীব গোয়েঙ্কার সঙ্গে বৈঠক করেন। জানা গিয়েছে, লখনউয়ে থাকলেও আর অধিনায়কের ভূমিকায় দেখা যাবে না তাঁকে। অধিনায়কের দৌড়ে এগিয়ে নিকোলাস পুরান ও ক্রুনাল পাণ্ডিয়া। এদিন অবশ্য এই নিয়ে কোনও মন্তব্য করেননি লখনউয়ের কর্ণধার। সঞ্জীব গোয়েঙ্কা জানান, 'নভেম্বর পর্যন্ত সময় আছে। তাই অধিনায়ক রিটেনশন নিয়ে এখনও কোনো সিদ্ধান্ত নেয়নি এলএসজি। আগে আইপিএলের নতুন নিয়মাবলী প্রকাশিত হোক। তারপর এই নিয়ে আমরা সিদ্ধান্ত নেব।'

# টেস্ট র‍্যাঙ্কিংয়ে এগোলেন বিরাট-যশস্বী বোলারদের মধ্যে শীর্ষে অশ্বিন

**নিজস্ব সংবাদদাতা, মুম্বই:** আইসিসি টেস্ট র‍্যাঙ্কিংয়ে এগোলেন বিরাট কোহলি। দু'ধাপ এগিয়ে আট নম্বরে উঠে এলেন তারকা ক্রিকেটার। একধাপ নীচে নেমে ছয় নম্বরে রোহিত শর্মা। বুধবার আইসিসি টেস্ট র‍্যাঙ্কিং প্রকাশিত হয়েছে। প্রথম দশের তালিকায় ঢুকে পড়লেন যশস্বী জয়সওয়াল। সাত নম্বরে রয়েছেন তরুণ বাঁ হাতি ব্যাটার। ম্যাঞ্চেস্টারে শ্রীলঙ্কার বিরুদ্ধে ওপনিং টেস্টে সাফল্য পাওয়ায় একনম্বর স্থান ধরে রাখলেন জো রুট। একধাপে অনেকটাই ওপরে উঠে এলেন তাঁর সতীর্থ। তিন ধাপ এগিয়ে চার নম্বরে উঠে এলেন হ্যারি ব্রুক। পেছনে ফেলে দিলেন বাবর আজম, স্টিভ স্মিথ এবং রোহিত শর্মাকে। রাওয়ালপিন্ডিতে বাংলাদেশের বিরুদ্ধে প্রথম টেস্টে ব্যর্থ হওয়ায় ছয় ধাপ নীচে নেমে তিন থেকে নয় নম্বরে চলে গেলেন বাবর আজম। অন্যদিকে দশের তালিকায় ঢুকে পড়লেন মহম্মদ রিজওয়ান। বাংলাদেশের বিরুদ্ধে প্রথম টেস্টে শতরান করে দশ নম্বরে পাক-ই-স্তানের উইকেটকিপার ব্যাটার। বোলারদের মধ্যে শীর্ষস্থান ধরে রাখলেন রবিচন্দ্রন অশ্বিন। তিনি ছাড়াও প্রথম দশে রয়েছে দুই ভারতীয় বোলার। তিন নম্বরে আছেন জসপ্রীত বুমরাহ, সাতে রবীন্দ্র জাদেজা। র‍্যাঙ্কিংয়ে ওপরে উঠে এলেন ইংল্যান্ডের ক্রিস ওকস ও শ্রীলঙ্কার আসিথা ফার্নান্দো। র‍্যাঙ্কিংয়ে উন্নতি হয়েছে পাক-ই-স্তানের নাসিম শাহ ও গাস আটকিনসনের। বর্তমান সাফল্যের জেরেই এগোলেন দুই বোলার। অলরাউন্ডারদের মধ্যেও প্রথম দশে তিন ভারতীয়। একনম্বর স্থান দখলে রাখলেন রবীন্দ্র জাদেজা। দুই নম্বরে রবিচন্দ্রন অশ্বিন। ছয় নম্বরে রয়েছেন অক্ষর প্যাটেল।



■ আপাতত ছুটির মেজাজে রয়েছেন বিরাট কোহলি। ছবি তুলছেন বিভিন্ন মুডে। এরমধ্যেই আবার পেলেন সুখবর।

# আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানালেন ডেভিড মালান

**লন্ডন :** আগামী মাসেই বয়স হবে ৩৭। আর এরইমধ্যে আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসরের কথা জানিয়ে দিলেন ইংল্যান্ডের ব্যাটার ডেভিড মালান। ইংল্যান্ডের হয়ে ২২টি টেস্ট, ৩০টি ওয়ানডে ও ৬০টি টি-টোয়েন্টি খেলেছেন বাঁহাতি এই ক্রিকেটার।

গত বছর ওয়ানডে বিশ্বকাপে দলে ছিলেন না মালান। এরপর আন্তর্জাতিক ক্রিকেটে তাকে আর দেখা যায়নি। বিশ্বকাপের পরপরই ওয়েস্ট ইন্ডিজ সফরেও ইংল্যান্ডের দলে সুযোগ হয়নি তার। তখন থেকেই ধারণা করা হচ্ছিল যে, আন্তর্জাতিক ক্রিকেট থেকে হয়তো বিদায় নিবেন তিনি। মালান বলেছেন, '২০১৭ সালের জুলাই থেকে দুর্দান্ত এক যাত্রা ছিল এটি। তিন সংস্করণেই ইংল্যান্ডের হয়ে খেলার সুযোগ পেয়ে আমি কৃতজ্ঞ।' মালান আরও বলেন, 'বেশির ভাগ খেলার মতো ক্রিকেটেও সবাই অবসর নেয় এটা ভেবে যে, হয়তো আরও কিছু করা যেতো। ১০টি টেস্ট খেলেন বা ১০০টি, অনেকেরই সরে যাওয়ার সময় আরেকটি টেস্ট খেলার, আর কয়েকটি রান না করার বা আরও বেশি শিরোপা না জেতার আক্ষেপ হয়তো থাকে।' 'এই মুহূর্তে আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নেওয়ার সময় আমি বলতে পারি, আমি সত্যিই কৃতজ্ঞ। ব্যাপারটি অবশ্য সহজ ছিল না। হয়তো আমরা প্রকৃতিই এমন বা যে কারণেই হোক, সব সময়ই মনে হয়েছিল আমার কিছু প্রমাণ করতে হবে। প্রায়ই মনে হতো, আমি হয়তো জায়গা ধরে রাখতেই খেলছি। চাপ হয়তো চলে যায়, তবে মানসিক ও শারীরিক দিক দিয়ে প্রভাব ফেলে। এরপরও আমার যা অর্জন, সেসবের দিকে ফিরে তাকিয়ে গর্ব হয়।' আন্তর্জাতিক ক্রিকেটে সব সংস্করণ মিলিয়ে ৪৪১৬ রান করেছেন ডেভিড মালান। তার মধ্যে রয়েছে ৮টি সেঞ্চুরি ও ৩২টি হাফসেঞ্চুরি। জস বাটলার ছাড়া একমাত্র ইংলিশ ব্যাটার হিসেবে তিন সংস্করণেই সেঞ্চুরির কীর্তি আছে মালানের।

# জয় শাহ আইসিসির সর্বকনিষ্ঠ চেয়ারম্যান, ক্রিকেটে ভারতের দাপট কি আরো বাড়বে

**নিজস্ব সংবাদদাতা, দিল্লি:** ভারতের বর্তমান স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের ছেলে জয় শাহ, মাত্র ৩৫ বছর বয়সেই আন্তর্জাতিক ক্রিকেট সংস্থার (আইসিসি) চেয়ারম্যান হয়েছেন। এখন সবচেয়ে কম বয়সি আইসিসি প্রধানও তিনি। জয় শাহর আইসিসির প্রধান হওয়ায় বিশ্ব ক্রিকেটে ভারতের দাপট কি আরও বাড়বে, সে প্রশ্ন আসছেই। বাবা অমিত শাহ বিজেপির প্রভাবশালী নেতা ও স্বরাষ্ট্রমন্ত্রী। ছেলে জয় শাহ ২০ বছর বয়সেই ক্রিকেট প্রশাসনে এসেছেন। ছোটবেলা থেকেই ক্রিকেটের প্রতি তাঁর আলাদা নেশা রয়েছে। বাবার পরিচয়, নিজের প্যাশন-ক্রিকেট সংগঠক, প্রশাসক হিসেবে তাঁর কাজ করাটা তাই কঠিন কোনো কাজ ছিল না। তবে দক্ষতাই যদি না থাকে, শুধু ক্ষমতা দিয়ে সফল হওয়া যায়, এমন উদাহরণ ভুরি ভুরি আছে। জয়ের নিশ্চয়ই এমন কিছু দক্ষতা ছিল, তার সঙ্গে অমিত-ক্ষমতার মিশ্রণ ঘটিয়ে তিনি বিশ্ব ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থার সিংহাসনে বসেছেন। ক্রিকেট প্রশাসনে জয় শাহের যাত্রা শুরু ২০০৯ সালে, জেলা পর্যায়ে কেন্দ্রীয় ক্রিকেট বোর্ড আহমেদাবাদে (সিবিসিএ) কাজ শুরু করেন। ধীরে ধীরে উন্নীত হতে থাকে তাঁর অবস্থানও। এরপর গুজরাট ক্রিকেট অ্যাসোসিয়েশনে (জিসিএ) কাজ শুরু করেন ও ২০১৩ সালে সংস্থার যুগ্ম সম্পাদক হন। এরপর জয় শাহ পৌঁছান জাতীয় পর্যায়ে। ২০১৯ সালে ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) সচিব হিসেবে কাজ শুরু করেন। ২০২১ সাল এশিয়ান ক্রিকেট কাউন্সিলের (এসিসি) প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন জয় শাহ। ২০২২ সালে জয় শাহ আইসিসির গুরুত্বপূর্ণ পদ আর্থিক ও বাণিজ্যিক কমিটির প্রধান হন। আর এবার হলেন আইসিসির সভাপতি। আগামী ১ ডিসেম্বর থেকে শুরু হবে তাঁর আনুষ্ঠানিক দায়িত্ব। তাঁর আগে ভারত থেকে জগমোহন ডালমিয়া, শরদ পাওয়ার, এন শ্রীনিবাসন ও শশাঙ্ক মনোহর আইসিসির সভাপতি হয়েছেন। আইসিসির আয়ের সবচেয়ে উৎস ও বাজার হচ্ছে ১৫০ কোটি মানুষের ভারত। আইসিসির বিভিন্ন টুর্নামেন্টের সব



বড় রাজস্ব আসে ভারত থেকে। আর এভাবেই গত দুই দশকে আইসিসিতে সবচেয়ে বেশি দাপট প্রতিষ্ঠা করেছে ভারত। বিশ্বের সবচেয়ে ধনী ক্রিকেট বোর্ড হওয়ায় ভারতই 'তিন মোড়লে'র তত্ত্ব সামনে আনে। পরে সেটি বাতিল হলেও আইসিসির বর্তমান আর্থিক মডেলে ভারতের দাপটই বেশি। আইসিসির আয়ের ৬০-৭০ শতাংশ উৎস ভারতের বিভিন্ন প্রতিষ্ঠান। আইসিসির বার্ষিক আয় বণ্টনেও ভারতের অগ্রাধিকার। আইসিসি আয়ের সর্বোচ্চ ৪০ শতাংশ ভাগ দেয় ভারতকে। সব ক্রিকেট বোর্ডের এখন বড় আশা নিয়ে থাকে ভারতের সঙ্গে দ্বিপাক্ষিক সিরিজ খেলতে। বিভিন্ন দেশের আয়ের ওপর রাজস্ব বণ্টননীতি চালু থেকেই ভারতের দাপট বেড়েছে আইসিসিতে। শুধুই আন্তর্জাতিক ক্রিকেটে নয়, ঘরোয়া ক্রিকেটেও ভারতের দাপট প্রমাণ করতে শুধুই আইপিএল যথেষ্ট। বিসিসিআই সাধারণত ভারতীয় খেলোয়াড়দের বাইরের টি-টোয়েন্টি লিগ খেলার অনুমতি দেয় না। তবে তাদের আইপিএল খেলতে বিশ্বের বেশির ভাগ তারকা ক্রিকেটার অধীর আগ্রহে অপেক্ষায় থাকে। কাঁড়ি কাঁড়ি টাকা আর গ্ল্যামারে আইপিএল এখন সবচেয়ে আকর্ষণীয় টি-টোয়েন্টি টুর্নামেন্ট। এই টুর্নামেন্টের সূচির সঙ্গে আইসিসিকেও মানিয়ে নিতে হয়। আইপিএলের সময় আইসিসির কোনো ইভেন্ট তো দূরে থাক, আন্তর্জাতিক সিরিজ আয়োজনও বেশ কঠিন হয়ে পড়ে সদস্য দেশগুলোর। কারণ, বেশির ভাগ তারকা ক্রিকেটার আইপিএল নিয়ে ব্যস্ত থাকে। নিউজিল্যান্ড, দক্ষিণ আফ্রিকার মতো দলকেও এ সময়ে সিরিজ খেলতে তারকা ক্রিকেটারদের ছাড়াই নামতে হয়। দিনে দিনে আইপিএলের দলের সংখ্যা বাড়ায় টুর্নামেন্টের সময়সীমাও বেড়েছে। আগে আইপিএল শেষ হয়েছে দেড় মাসের মধ্যে। আর এখন হয় দুই মাসেরও বেশি সময় ধরে। মার্চ, এপ্রিল ও মে-এই তিন মাসের উইন্ডো এখন আইপিএলের জন্য 'খালি' রাখতে হয় বেশির ভাগ ক্রিকেট বোর্ডকে। জয় শাহ আইসিসির প্রধান হওয়ার পর ভারতের দাপট কোনোভাবেই কমার কথা নয়, বরং তা কত বাড়বে, তাই কৌতূহলী চোখে দেখতে চাইছেন ক্রিকেটপ্রেমীরা।


mallcom

ম্যালকম (ইন্ডিয়া) লিমিটেড

CIN : L51109WB1983PLC037008

রেজিস্টার্ড অফিস: ই.এন-১২, সেক্টর-V সল্টলেক সিটি, কলকাতা - ৭০০ ০৯১, ভারত

টেলি নং : ৯১ ৩৩ ৪০১৬ ১০০০, ফ্যাক্স : ৯১ ৩৩ ৪০১৬ ১০১০

ওয়েবসাইট : www.mallcom.in, ই-মেল : sales@mallcom.in

**৪০ তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) সংক্রান্ত জনসাধারণের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি**

এতদ্বারা **বিজ্ঞাপিত** করা হচ্ছে যে, সভার নোটিশে নির্ধারিত ব্যবসায়িক লেনদেন করতে **ম্যালকম (ইন্ডিয়া) লিমিটেড** ("দ্য কোম্পানী") এর সদস্যদের **৪০তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) বৃহস্পতিবার, ১৯ সেপ্টেম্বর, ২০২৪, সকাল সাড়ে ১১টায় (ভারতীয় সময়)** ভিডিও কনফারেন্সিং (ভিসি) / অন্যান্য অডিও-ভিজুয়াল মাধ্যম (ওএভিএম) এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। কর্পোরেট বিষয়ক মন্ত্রক দ্বারা জারি ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের জেনারেল সার্কুলার নং ০৯/২০২৩, ৫ মে ২০২০ তারিখের সার্কুলার নং ২০/২০২০ এবং সেবি কর্তৃক জারি ৭ অক্টোবর ২০২৩ তারিখের সার্কুলার নম্বর সেবি / এইচও / সিএফডি / সিএফডি -পিওডি-২ / পি/ সিআইআর / ২০২৩ /১৬৭ অনুযায়ী কোম্পানীটিকে ভিসি অথবা ওএভিএম এর মাধ্যমে বার্ষিক সাধারণ সভা করার অনুমতি দিয়েছে।

প্রযোজ্য এমসিএ ও সেবি সার্কুলার অনুযায়ী, এজিএম-এর বিজ্ঞপ্তি সহ '২৪-এর আর্থিক বর্ষের বার্ষিক রিপোর্ট ইলেক্ট্রনিক মোডের মাধ্যমে শুধুমাত্র সেইসব সদস্যদের পাঠানো হয়েছে যাদের ই-মেল আইডি আরটিএ / ডিপোজিটরি-এর কাছে নিবন্ধীকৃত রয়েছে। শেয়ারহোল্ডাররা নোট করতে পারেন বিজ্ঞপ্তি ও আর্থিক রিপোর্ট পাওয়া যাবে কোম্পানীর ওয়েবসাইট www.mallcom.in, স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com ও www.nseindia.com ও ন্যাশনাল সিকিওরিটিস ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল) এর ওয়েবসাইট www.evoting.nsdl.com -এ উপলব্ধ। যে সমস্ত সদস্যরা ডিম্যাটেরিয়ালাইজড মোডে, ফিজিক্যাল মোডে শেয়ার ধারণ করে আছেন অথবা যারা কোম্পানীর রেজিস্ট্রার ও ট্রান্সফার এজেন্ট (আরটিএ) অথবা ডিপোজিটরিসের কাছে তাদের ই-মেল আইডি নথিভুক্ত করেননি তারা বৈঠক চলাকালীন ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে রিমোট ই-ভোটিং পদ্ধতির মধ্যদিয়ে তাদের ভোট দান করতে পারবেন বিজ্ঞপ্তিতে নিম্নে উল্লিখিত আউটলাইন করা পদ্ধতি মেনে।

রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে এজিএম-এর আগে সদস্যরা এনএসডিএল কর্তৃক এজিএম চলাকালীন রিমোট ই-ভোটিং পদ্ধতির সুবিধা দেওয়া হয়েছে। রিমোট ই-ভোটিং পদ্ধতিটি নিম্নোক্ত সময়ে উপলব্ধ:

| | |
|---|---|
| ই-ভোটিং শুরুর সময় | সোমবার ১৬ সেপ্টেম্বর ২০২৪ সকাল ৯টা থেকে (ভারতীয় সময়) |
| ই-ভোটিং শেষের সময় | বুধবার ১৮ সেপ্টেম্বর ২০২৪ বিকাল ৫টা থেকে (ভারতীয় সময়) |

এই সময়ের মধ্যে, **বৃহস্পতিবার ১২ সেপ্টেম্বর ২০২৪** ('কাটঅফ তারিখ')-এর মধ্যে যেসব সদস্যরা ফিজিক্যাল ফর্ম অথবা ডিম্যাটেরিয়ালাইজড ফর্মের মাধ্যমে শেয়ার ধারণ করে আছেন তারা এজিএম শুরুর আগে রিমোট ই-ভোটিং পদ্ধতির মাধ্যমে ভোটদান করতে পারবেন। এরপর এনএসডিএল কর্তৃক রিমোট ই-ভোটিং সুবিধাটি নিষ্ক্রিয় করে দেওয়া হবে। একজন ব্যক্তি একটি রেজোলিউশনের উপর ভোটদান করে ফেললে তাকে পুনরায় তা বদল করতে দেওয়া হবে না। সদস্যদের ভোটাধিকার কাটঅফ তারিখ **বৃহস্পতিবার ১২ সেপ্টেম্বর** ২০২৪-এর হিসাবে তাদের কোম্পানী কর্তৃক পেইডআপ ইক্যুইটি শেয়ার ক্যাপিটালের সমানুপাতিক। সদস্যরা রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে ভোটদান করার মাধ্যমে সাধারণ সভায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু পুনরায় সভা চলাকালীন ভোটদান করতে পারবেন না। কোনো ব্যক্তি, কাটঅফ তারিখ ১২.০৯.২০২৪ তারিখের হিসাবে যিনি বিজ্ঞপ্তি পাঠানোর পর কোম্পানীর সদস্য হয়েছেন ও শেয়ার নিয়েছেন, তিনি লগইন আইডি ও পাসওয়ার্ড পেতে পারেন evoting@nsdl.co.in-তে আবেদন করে।

ম্যালকম (ইন্ডিয়া) লিমিটেড-এর বোর্ড অফ ডিরেক্টরগণ, ২৮ মে, ২০২৪ তারিখে অনুষ্ঠিত তাদের বৈঠকে অন্যান্য বিষয়ের সঙ্গে **২০২৩-২৪ আর্থিক বর্ষের প্রতি ইক্যুইটি শেয়ার ৩টাকা মূল্যের** চূড়ান্ত লভ্যাংশ দেওয়ার সুপারিশ করেছে, যার **প্রারম্ভিক মূল্য প্রতিটি ১০টাকা তা ম্যালকম (ইন্ডিয়া) লিমিটেড-**এর ৪০তম এজিএম-এ শেয়ারহোল্ডারদের অনুমোদনের জন্য বিবেচিত। বোর্ড কর্তৃক ঘোষিত লভ্যাংশ কোম্পানীর ইক্যুইটি শেয়ার ধারণকারী শেয়ারহোল্ডারদের **বৃহস্পতিবার ১২ সেপ্টেম্বর, ২০২৪** অর্থাৎ **রেকর্ড তারিখ** হিসাবে ইলেক্ট্রনিক বা ফিজিক্যাল আকারে প্রদান করা হবে। লভ্যাংশ প্রদানগুলি উৎস কর ডিডাকশন-এর সাপেক্ষে এবং কোম্পানীকে নির্ধারিত হারে টিডিএস কাটতে হবে। কোম্পানীকে উপযুক্ত টিডিএস হার নির্ধারণ করতে সক্ষম করার জন্য সদস্যদের এজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লেখ করা প্রাসঙ্গিক নথি জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

যেসব শেয়ারহোল্ডাররা ডিম্যাটেরিয়ালাইজড মোডের মাধ্যমে শেয়ার অধিগ্রহণ করে আছেন তাদের অনুরোধ করা হচ্ছে তাদের ই-মেল আইডি ও ফোন নম্বর সংশ্লিষ্ট ডিপোজিটরিসের কাছে ডিপোজিটরি পার্টিসিপেন্টদের মাধ্যমে রেজিস্টার / আপডেট করে নিতে। যেসব শেয়ারহোল্ডাররা ফিজিক্যাল মোডের মাধ্যমে শেয়ার অধিকার করে আছেন কিন্তু তাদের ই-মেল আইডি ও মোবাইল নম্বর কোম্পানীর কাছে রেজিস্টার / আপডেট করাননি তাদের অনুরোধ করা হচ্ছে তাদের ই-মেল আইডি ও ফোন নম্বর কোম্পানীর রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ), মেসার্স নিশ টেকনোলজিস প্রা. লি. ৩এ, অকল্যান্ড প্লেস, সপ্তম তল, রুম নং- ৭এ ও ৭বি, কলকাতা - ৭০০০১৭, ফোন : (০৩৩) ২২৮০ ৬৬১৬ / ১৭/ ১৮, ফ্যাক্স :(০৩৩) ২২৮০ ৬৬১৯, ই-মেল : nichetechpl@nichetechpl.com-এর কাছে নিবন্ধীকৃত করিয়ে নিতে।

কোনো জিজ্ঞাসা থাকলে আপনি অনুগ্রহ করে www.evoting.nsdl.com -এর ডাউনলোড সেকশন-এ সদস্যদের জন্য উপলব্ধ ই-ভোটিং ইউজার ম্যানুয়াল এবং ফ্রিকোয়েন্টলি আসকড কোয়েশ্চনস (এফএকিউএস) দেখতে পারেন অথবা টোল ফ্রি নম্বর ০২২-৪৮৮৬ ৭০০০ ও ০২২-২৪৯৯ ৭০০০-তে ফোন করতে পারেন অথবা মি. অমিত বিশাল, সিনিয়র ম্যানেজার এবং / অথবা মিস. পল্লবী হাত্রে, সিনিয়র ম্যানেজার-কে evoting@nsdl.co.in-তে আবেদন করতে পারেন।

ম্যালকম (ইন্ডিয়া) লিমিটেড-এর পক্ষে
স্বাঃ/-
গৌরব রাজ
কোম্পানি সচিব ও কমপ্লায়েন্স অফিসার

তারিখ: ২৯ আগস্ট ২০২৪
স্থান : কলকাতা


## জেলা খেলা

# আলিপুরদুয়ারে ক্যারাটে প্রতিযোগিতায় সাফল্য ২ প্রতিযোগীর

**অশোক মণ্ডল, দুবরাজপুর:** বীরভূমের দুবরাজপুর ইয়ুথ কর্নার ক্যারাটে আকাদেমির ২ প্রতিযোগী উত্তরবঙ্গের আলিপুরদুয়ারে ন্যাশনাল ফুল কনটাক্ট ক্যারাটে প্রতিযোগিতায় সেরাদের তালিকায়। সিদ্দিক মিঞা ন্যাশনাল স্কুল কন্ট্রাক্ট ক্যারাটে প্রতিযোগিতায় হেভিওয়েটে দ্বিতীয় স্থান ও গোপাল ভূঁইয়া লাইট ওয়েটে তৃতীয় স্থান পেয়ে পুরস্কার ঘরে তুলেছে। ওই ইয়ুথ কর্নার ক্লাবের ক্যারাটে প্রশিক্ষক তথা প্রতিযোগিতার বিচারক তৃতীয় ডিগ্রী ব্ল্যাক বেল্ট সেনসাই অলোক চট্টোপাধ্যায় জানান, গত ২৪ ও ২৫ আগস্ট উত্তরবঙ্গের আলিপুরদুয়ার নিউটাউন মিউনিসিপালিটি ইন্ডোর স্টেডিয়ামে মাসওয়ামা ডুয়ার্স কাপ, ন্যাশনাল ফুল কন্টাক্ট ক্যারাটে প্রতিযোগিতার আসর বসেছিল। অসম, মেঘালয়, মনিপুর, নেপাল, বিহার, পশ্চিমবঙ্গের মোট ২০০ প্রতিযোগী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ছাড়পত্র পেয়েছিল। প্রথম স্থান পায় নেপালের প্রতিযোগী। দ্বিতীয় বীরভূমের দুবরাজপুর ইউথ কর্নার ক্যারাটে আকাদেমির সিদ্দিক মিঞা ও তৃতীয় স্থানের অধিকারী হয় মেঘালয়ের প্রতিযোগী। তেমনি লাইট ওয়েটে দুবরাজপুর উইথ কর্নার ক্যারাটে আকাদেমির গোপাল ভূঁইয়া তৃতীয় স্থানের অধিকারী হয়েছে। পুরস্কার পেয়ে খুশি সিদ্দিক মিঞা। সে জানায়, প্রয়োজনীয় অর্থের অভাবে আমি প্রতিযোগিতায় অংশ নিতে পারতাম না। নাম প্রকাশে অনিচ্ছুক একজন অভিভাবক আমাকে অর্থ সাহায্য করায় প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারলাম। আমরা মঙ্গলবার ২৭আগস্ট বাড়ি ফিরেছি। বাড়ি ফিরেই ইউথকর্নার ক্যারাটে একাডেমির জনক তথা ক্লাবের সাধারণ সম্পাদক সোমেশ প্রসন্ন আচার্যের সঙ্গে দেখা করে আশীর্বাদ নিয়েছি। এ নিয়ে ইউথ কর্নার ক্লাবের কর্ণধার তথা সাধারণ সম্পাদক সোমেশ প্রসন্ন আচার্য জানান, ১৯৯২-৯৩ সালে ইউথ কর্নার ক্যারাটে আকাদেমির সূচনা করি। উদ্দেশ্য আত্মরক্ষা ও আত্মনির্ভরতা। বর্তমানে ক্যারাটে আকাদেমি বড় রূপ নিয়েছে। প্রতিটি প্রতিযোগিতায় আমাদের ক্লাবের প্রতিযোগীরা পুরস্কার নিয়ে ঘরে ফিরছে।


**গৌরডাঙ্গা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড**

রেজিস্ট্রেশন নম্বর ২৬৬০ তাং - ৩০.০৬.১৯৬০

ঠিকানা - গৌরডাঙ্গা, জেলা - পূর্ব বর্ধমান

**বিশেষ সাধারণ সবার বিজ্ঞপ্তি**

এতদ্বারা গৌরডাঙ্গা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড (রেজিস্ট্রেশন নম্বর ২৬৬০ তাং - ৩০.০৬.১৯৬০) গৌরডাঙ্গা, জেলা - পূর্ব বর্ধমান-এর সকল সদস্যা/সদস্যাদের জানানো যাচ্ছে, সমিতির পরিচালক মণ্ডলীর নির্বাচন উপলক্ষে বিশেষ সাধারণ সভা আগামী ২৪.০৯.২০২৪ তারিখ বেলা ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত এই সমবায় সমিতির প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। উক্ত বিশেষ সাধারণ সভায় যোগদান ও আলোচনায় অংশ গ্রহণ করার জন্য সকল সদস্যা/সদস্যাদের অনুরোধ করা হচ্ছে।

স্থান : গৌরডাঙ্গা
তারিখ : ২৭.০৮.২০২৪

স্বাক্ষর
নির্মল কুমার সরকার
অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার
গৌরডাঙ্গা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড

আলোচ্য বিষয় :
১. পরিচালক মণ্ডলীর (৯) নয় (অসংরক্ষিত-৬, মহিলা-২ এবং ST/SC-১) জন সদস্য নির্বাচন।

**নির্বাচন নির্ঘন্ট**

| ক্রমিক নং | বিষয় | তারিখ | স্থান | সময় |
|---|---|---|---|---|
| ১ | মনোনয়ন পত্র বিলি | ০৩.০৯.২৪ এবং ০৪.০৯.২৪ | কাটোয়া-২ ডেভেলপমেন্ট ব্লকে সমবায় পরিদর্শকের নিকট | প্রতিদিন বেলা ১২টা থেকে দুপুর ২টা পর্যন্ত |
| ২ | মনোনয়ন পত্র পেশ | ০৩.০৯.২৪ এবং ০৪.০৯.২৪ | কাটোয়া-২ ডেভেলপমেন্ট ব্লকে সমবায় পরিদর্শকের নিকট | প্রতিদিন সকাল ১২টা থেকে দুপুর ৩টা পর্যন্ত |
| ৩ | মনোনয়ন পত্র পরীক্ষা | ০৫.০৯.২৪ | কাটোয়া-২ ডেভেলপমেন্ট ব্লকে সমবায় পরিদর্শকের দ্বারা | বেলা ১২টা থেকে |
| ৪ | বৈধ মনোনয়নের তালিকা প্রকাশ | ০৫.০৯.২৪ | সমিতি ও বিডিও অফিসের নোটিশ বোর্ডে | মনোনয়ন পত্র পরীক্ষার শেষে |
| ৫ | মনোনয়ন পত্র ও প্রার্থী পদ প্রত্যাহার | ০৬.০৯.২৪ | কাটোয়া-২ ডেভেলপমেন্ট ব্লকে সমবায় পরিদর্শকের নিকট | বিকেল ৩টা পর্যন্ত |
| ৬ | প্রত্যাহার শেষে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের তালিকা প্রকাশ | ০৬.০৯.২৪ | সমিতি ও বিডিও অফিসের নোটিশ বোর্ডে | বিকেল ৩টার পর |
| ৭ | প্রয়োজন অনুসারে প্রতীক বণ্টন | ০৯.০৯.২৪ | সমিতির কার্যালয়ে | বেলা ১২টা থেকে |
| ৮ | ভোট গ্রহণ | ২৪.০৯.২৪ | সমিতির কার্যালয়ে | বেলা ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত |
| ৯ | ভোট গণনা ও ফল ঘোষণা | ২৪.০৯.২৪ | সমিতির কার্যালয়ে | ভোট গ্রহণ শেষে |

নির্বাচন অংশ গ্রহণকারী প্রার্থীকে সমিতির উপবিধি এবং পশ্চিমবঙ্গ সমবায় আইন ২০০৬ এবং নিয়মাবলী ২০১১ অনুসারে যোগ্য হতে পারে। মনোনয়ন পত্র জমা দেবার সময় আসল ভোটার কার্ড আনতে হবে এবং এক কপি জেরক্স জমা দিতে হবে।

স্থান : গৌরডাঙ্গা
তারিখ : ২৭.০৮.২০২৪

স্বাক্ষর
নির্মল কুমার সরকার
অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার
গৌরডাঙ্গা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড


## ক্লা ব হা উ জ

### আজ শুরু রাজ্য টেনপিন চ্যাম্পিয়নশিপ

আজ ২৯ আগস্ট থেকে শুরু হচ্ছে স্টেট টেনপিন বোলিং চ্যাম্পিয়নশিপ। এবার তৃতীয় বছর। টুর্নামেন্ট শেষ হবে ১ সেপ্টেম্বর। কলকাতার মানি স্কোয়ারের আমিবা-তে অনুষ্ঠিত হবে। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে প্রতিভাবান বোলাররা শীর্ষ সম্মানের জন্য প্রতিযোগিতায় লড়বে। লিগ ফরম্যাটে এই খেলা হবে।

—সুখবর ব্যুরো


সুখবর

প্রতিদিন Online Edition বেরোচ্ছে

এখন ৬ মাস ও ১ বছরের

Subscriber নেওয়া হচ্ছে

যোগাযোগ করুন এই নম্বরে

9830624170


ক্লা ব হা উ জ

আপনার পাড়া-এলাকা বা ক্লাব। আপনার পরিচিত খেলার কোনো প্রতিভাবান বা খেলার খবর থাকলে সে সম্পর্কে লিখে জানাতেই পারেন এই ক্লাবহাউজ-এ।

স্পষ্ট বাংলায় ছবি সহ লিখে পাঠান সুখবর খেলার দফতরে।




এক জানালায়

বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার, দক্ষিণ ২৪ পরগনা, উত্তর কলকাতার জন্য কর্মসংস্থান, সাফল্য ও Appointment & Career News সুখবর-এর বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

বীরভূম ও মুর্শিদাবাদ

UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

পুরুলিয়া ও বাঁকুড়া

Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

পূর্ব মেদিনীপুর

INOX ADD AGENCY
Mechogram (Biswakarma Mela Ground) Panskura, Purba Medinipur
Mob. : 9800373880
8116470751
Email : inox.ad@gmail.com

উত্তর কলকাতা

SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য যোগাযোগ করুন এই নম্বরে -
9830795430
appointmentnews@gmail.com


Printed and Publised by Mousumi Ghosh on behalf of Sangsthaan Prakashan Pvt. Ltd. and Printed at Sangsthaan Prakashan Pvt. Ltd.,Vill. Nazirabad-Uchchepota, P.O. Uchchepota, Gram Panchayat : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150 and Published at 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. 24 Parganas (South) ■ Editor : Shamik Swapan Ghosh ■ Phone No. 98306 24170, (033) 2460-6211 / 6212 ■ E-mail : sukhabardaily@gmail.com

# Adani group proposes to invest ₹3,500 crore in MP

## To set up a cement facility, defence unit, women-operated jacket factory

SANDEEP KUMAR
Gwalior/Bhopal, 28 August

In the Regional Industry Conclave (RIC) held in Gwalior on Wednesday, the Adani group proposed to invest ₹3,500 crore in the region.

The group revealed plans to set up major facilities, including a cement factory in Guna, a defence system factory in Shivpuri, and a women-operated jacket factory in Badarwas. During the conclave, the state government received investment proposals worth ₹8,000 crore which will create about 35,000 jobs.

Addressing a press conference after the conclave, chief minister Mohan Yadav said, "The state government wants equal industrial development in all areas of the state through the RIC. After Ujjain and Jabalpur, the success of Gwalior Conclave shows that we are moving towards our goal." He said that RIC will be organised in Sagar and Rewa districts in September and October, respectively.

Karan Adani, managing director (MD), Adani Ports and SEZ, said, "Today, I am proud to announce two more projects. The Adani group plans to set up a 2 million-tonne cement grinding unit in Guna and a state-of-the-art propelling unit in Shivpuri. These two projects will result in an investment of ₹3,500 crore and create over 3,500 direct and indirect jobs," he said.



(*From left*) **Madhya Pradesh Chief Minister Mohan Yadav, State Labour Minister Prahlad Singh Patel, Union Minister of Communications Jyotiraditya Scindia and Adani Ports Managing Director Karan Adani at the inaugural ceremony of Regional Industry Conclave in Gwalior on Wednesday** PHOTO:MPINFO

The chief minister said talks were held with Reliance Bio Energy vice-president Vivek Taneja on the possibilities of starting renewable energy production in the ravines of Chambal. The CM assured him that the state government will provide full support to any such venture on non-agricultural land. Other major companies that have submitted investment proposals include Elixir Industries (₹1,000 crore), SSG Furnishing Solutions (₹750 crore), Marvel Vinyl (₹620 crore), and Jamna Auto (₹532 crore), among others. During the conclave, the chief minister issued letters of intent to 120 units which are to be allotted 268 acres.

*More on business-standard.com*

# Tanishq, De Beers ink pact to add sparkle to diamond mkt

SHARLEEN D'SOUZA
Mumbai, 28 August

India's largest jeweller Tanishq and South African-British diamond company De Beers Group on Wednesday announced a three-year strategic collaboration to push the sale of natural diamonds in the country. "With a vibrant economy, a growing middle class and discerning consumers who seek jewellery with enduring value, demand for natural diamond jewellery from Indian consumers has surged recently and now represents 11 per cent of global demand," the companies said.

India has replaced China in natural diamond consumption, and is now second only to the US. "With diamond acquisition rates in India well below those in mature markets such as the US, this provides a significant opportunity to catalyse further growth for natural diamond jewellery in India," the release added.

The collaboration will focus on building consumer outreach, deepening capabilities of Tanishq's retail staff to communicate about natural diamonds, educate consumers about authenticity, and shaping customer experiences.



Currently, Tanshiq sees 30 per cent of its sales come from the sale of studded jewellery, Ajoy Chawla, CEO, jewellery division, Titan Company told *Business Standard*. He, however, added that India's shift to lab-grown diamonds is negligible and the narrative is bigger than the reality. "There are quite a few players who have sprung in. There is a certain amount of noise in the market and we have not seen that shift," Chawla said.

"Syntehtics and natural are different stones...what we see is that there is a strong demand for synthetic in the industrial space. As far as the consumer is concerned in this country we don't see a takeoff (lab grown diamonds). In India, the play is about how we develop penetration for natural diamonds. Currently, it is one of ten, so sky is the limit," Sandrine Conseiller, CEO of De Beers Brands said.

# Paytm gets govt nod to invest in its payment services business

REUTERS
28 August

Paytm has received the finance ministry's approval to invest in its payment services business, the fintech firm said on Wednesday.

One 97 Communications, popularly known as Paytm, has been under the scrutiny of the Reserve Bank of India after the central bank ordered it to wind down its payments bank in January.

With the latest approval, the company will resubmit an application with the ministry to regain a license for its payments services business.

Paytm Payment Services will continue to provide online payment aggregation services to existing partners, the company said. It did not share details of the investment that has been approved. In July, *Reuters* had reported, citing a top finance ministry official, that Paytm had secured approval for ₹ 500 million (about $6 million) investment in its payments arm.

## Zomato completes acquisition of Paytm's entertainment ticketing biz

Food delivery giant Zomato on Wednesday completed the acquisition of fintech major Paytm's entertainment ticketing business, Paytm Insider, both the companies said in regulatory filings.

Last week, Zomato announced that it was acquiring Paytm Insider for ₹2,048 crore, in a bid to scale up its going-out business and add newer use cases.

Under the deal, Zomato has fully acquired Paytm's movie ticketing business Orbgen Technologies for ₹1,264.6 crore and its events ticketing business Wasteland Entertainment for ₹783.8 crore. BS REPORTER

# BharatPe launches consumer UPI product

Fintech platform BharatPe on Wednesday announced the launch of its UPI TPAP (Unified Payments Interface Third-Party Application Provider) to facilitate consumer digital payments.

Earlier, BharatPe provided merchant-to-merchant digital payment services.

The company has also rebranded buy-now-pay-later app 'postpe' to 'BharatPe', according to a statement.

With this, there are now two apps available in the public domain: BharatPe (earlier postpe), and BharatPe for Business.The fintech platform said it has partnered with Unity Bank to enable TPAP.

Customers can create their UPI ID on the BharatPe app with the extension @bpunity, and make both individual and merchant transactions.

